



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

চসিক মেয়রের সাথে ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলামের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম-২৮ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সাথে তাঁর টাইগারপাসসহ দপ্তরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে ঢাকার মেয়র বলেন, প্রধানমন্ত্রী আমাকে বলেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র আলহাজ্ব এ.বি.এম মহিউদ্দিন চৌধুরী কিভাবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে নিজস্ব আয় বৃদ্ধি করেছিলেন সে-সম্পর্কে জানার জন্য মূলত আমার চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আসা। ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলাম চসিক এর বর্জ্য ব্যবস্থাপনা, শিক্ষা, স্বাস্থ্য, সিএনজি স্টেশন ও বিদ্যুৎ প্লান্ট সম্পর্কে জানতে চাইলে চসিক মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেন, সাবেক মেয়র আলহাজ্ব এ.বি.এম মহিউদ্দিন চৌধুরী যে পথ দেখিয়ে গেছেন বাস্তব পরিপ্রেক্ষিতে বিবেচনায় আমিও সেই পথে অগ্রসর হচ্ছি। চসিক এর নিজস্ব জায়গায় প্রতিষ্ঠিত ওয়ার্ড কার্যালয় ও পতিত খালি জায়গাগুলোতে আয়বর্ধক প্রকল্প গড়ার পরিকল্পনা গ্রহণ করেছি এবং শিক্ষা, স্বাস্থ্য ও ডোর টু ডোর বর্জ্য সংগ্রহ কার্যক্রমকে টেলে সাজানোর উদ্যোগ নিয়েছি। তিনি আরও বলেন, শিক্ষা ও স্বাস্থ্য খাতে চসিক বছরে প্রায় ৫০ কোটি টাকা ভর্তুকি দেয়। বিদ্যুৎ প্লান্টটি গড়ার পরিকল্পনার কথাও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রকে জানান। আজ সকালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মোঃ আতিকুল ইসলাম সৌজন্য সাক্ষাতে এলে মেয়র এসব কথা বলেন। এসময় সংরক্ষিত মহিলা কাউন্সিলর জাহিদা বেগম পপি, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, বিজিএমইএ প্যানেল লিডার ফারুক হাসান, বিজিএমইএ এর সহ-সভাপতি শামীম এহসান, এস এম তৈয়ব, নাসিরউদ্দীন চৌধুরী, হেলাল উদ্দীন চৌধুরী তুফান ও বিজিএমইএ এর সিনিয়র নেতারা উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

চসিকের প্রয়াত প্রকৌশলীকে জীবনবীমার চেক হস্তান্তর

চট্টগ্রাম-২৮ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী, চসিক প্রকৌশলী মরহুম সাদেকুল আজমের স্ত্রী আয়শা আফরোজ লিপির হাতে জীবন বীমা কর্পোরেশন প্রদত্ত ৩৪ লক্ষ ৬৮ হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় প্যানেল মেয়র মোঃ গিয়াসউদ্দিন, জীবন বীমা কর্পোরেশনের জেনারেল ম্যানেজার (উপ সচিব) কাজী নাজিমুল ইসলাম, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, জীবন বীমা কর্পোরেশনের ম্যানেজার মোর্শেদ আলম জেসীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

ক্রিফটন গ্রুপ ২০ হাজার

মাস্ক দিল চসিক মেয়রের কাছে

চট্টগ্রাম-২৮ মার্চ ২০২১খ্রি.

কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ মোকাবেলায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর কাছে ২০ হাজার পিছ মাস্ক তুলে দেন খ্যাতনামা শিল্প প্রতিষ্ঠান ক্রিফটন গ্রুপের ব্যবস্থাপক পরিচালক মোঃ মহিউদ্দিন চৌধুরী। এসময় মেয়র বলেন, অতিমারী মোকাবেলা শুধু একা সরকারের পক্ষে সম্ভব নয়, তাই ব্যক্তি, সামাজিক ও প্রতিষ্ঠানিক উদ্যোগেও প্রনোদনা প্রয়োজন। এই বোধ থেকে যারা এগিয়ে আসছেন বা আসবেন তাদের স্বাগত জানাই। এ সময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র ও কাউন্সিলর মোঃ গিয়াস উদ্দীন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, সাঈদ উল্লাহ মনছুর, লায়ন তাহের আহমদ।

বেসকারী ক্লিনিক মালিকদের সাথে মতবিনিময় সভায় মেয়র
কোরনার দ্বিতীয় ডেউ মোকাবেলায়
স্বাস্থ্যসেবা ব্যবসা নয় মানবিকতার পরিচায়ক

চট্টগ্রাম-২৮ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, কোভিড-১৯ সংক্রমণের প্রাথমিক স্তর আমরা যথেষ্ট দক্ষতার সাথে সামাল দিতে পেরেছি। এজন্য চিকিৎসক ও সম্মুখ যোদ্ধাদের ভূমিকা অপরিসীম। সে সময়ে লক্ষ্য করেছি সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোগও পরিস্থিতি সমানভাবে সামাল দিয়েছে। একইভাবে করোনার দ্বিতীয় ডেউ মোকাবেলায় বেসরকারি ক্লিনিক মালিকগণ সরকারি নির্দেশনা অনুযায়ী তাদের অর্পিত দায়িত্ব পালন করবেন এবং সংকটকালীণ সময়ে ব্যবসায়িক মনোভিত্তি পরিহার করে সেবার মানবিক আদর্শকে জাগ্রত করবেন। তাহলেই সমন্বিত উদ্যোগে কোভিড-১৯ এর দ্বিতীয় ডেউ মোকাবেলা করে আমরা আবার স্বাভাবিক জীবন যাপনে ফিরে যেতে পারবো। আজ রোববার বিকেলে বেসকারি ক্লিনিক মালিকগণের একটি প্রতিনিধিদল সাক্ষাত করতে এলে তিনি তাদের উদ্দেশ্যে একথা গুলো বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে মতবিনিময় সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মোঃ গিয়াসউদ্দিন, ডা. লিয়াকত আলী খান, ডা. কিউ এম ওহিদুল আলম, ডা. মো. ইউসুফ, ডা. এ কে এম ফজলুল হক, ডা. আবু নাছের, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, সৈয়দ মাহবুবুল হক, ডা. মো.এনামুল হক, ডা. এস এম খালেদ, ডা. সোলাইমান চৌধুরী সুমন, ডা. এম এ কাশেম, ডা. ইমামুল হক, আশীষ দে, রাজিব দে, ডা. রেজাউল ইসলাম। সভার শুরুতে বেসরকারি ক্লিনিক মালিকগণ মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩